৮০।

দৈনিক সংবাদ

তারিখ 17 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# ইসলামী বিশ্ববিদ্যালয় প্রশ্নপত্র ফাঁস পরীক্ষা স্থগিত

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৬ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।—বিশ্ববিদ্যালয়ের আল কোরান বিভাগের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা স্থগিত করা হয়েছে। তদন্ত কমিটি গঠিত হয়েছে।

গত পরশু অনুষ্ঠিত ১০১ নং কোর্স-এর বিশেষ পরীক্ষা আধা ঘন্টা চলার পর বিভাগীয় সভাপতির হাতে ফাঁসকৃত প্রশ্নের কপি আসলে তিনি পরীক্ষা কমিটির সভাপতি ডঃ ইয়াহিয়াকে জানান এবং পরীক্ষা স্থগিত করা হয়।

এই বিভাগে মাষ্টার্স পরীক্ষার ফলাফলে স্বজনপ্রীতির অভিযোগে দীর্ঘ দু'মাস ফলাফল প্রকাশ স্থগিত রাখা হয়েছে।

**কর্মকর্তা সমিতির নির্বাচন**

১৯৯৬ সালের জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তা সমিতির নির্বাচনে রেজাউল-সাকলায়েন পরিষদ পুরো প্যানেলে বিজয়ী হয়েছে। সভাপতি ও সম্পাদক হলেন ডঃ রেজাউল করিম ও গোলাম সাকলায়েন।